**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**প্রধানমন্ত্রীর কার্যালয়**
বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ
**যশোর রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা প্রকল্প**
বাড়ি নং-১৯/ডি, রোড নং- ০৬,ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.bepza.gov.bd

স্মারক নম্বর- ০৩.০৬.৪১০৪.৩২৫.১১.০০৩.২৪.০৭

তারিখঃ ১৫ ফাল্গুন ১৪৩০ / ২৮ ফেব্রুয়ারি ২০২৪

## "আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ মোতাবেক প্রকল্পের জন্য জনবল নিয়োগ বিজ্ঞপ্তি"

**যশোর রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা প্রকল্প** এ আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ মোতাবেক সরাসরি জনবল নিয়োগের জন্য নিম্নবর্ণিত পদসমূহে সর্বসাকুল্য বেতনে প্রকল্প চলাকালীন অস্থায়ী ভিত্তিতে নিয়োগের উদ্দেশ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্ত স্বাপেক্ষে নির্ধারিত সময়ের মধ্যে Online এ www.bepza.tetetalk.com.bd ওয়েব সাইটে আবেদন আহবান করা যাচ্ছে। Online ব্যতিত কোন আবেদন গ্রহন করা হবে না।

| ক্রম | পদের নাম | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | সর্বসাকুল্যে মাসিক বেতন |
|---|---|---|---|---|
| ১ | উপ-সহকারী প্রকৌশলী (পুর) | ০১ | পুর কৌশলে ০৪ বছরের ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রী | ২৪,৮৭৫.০০/- |
| ২ | ড্রাফটসম্যান | ০১ | ডিপ্লোমা ইন আর্কিটেকচার সহ ০১ বছরের বাস্তব অভিজ্ঞতা | ১৭,৬৩০.০০/- |
| ৩ | সার্ভেয়ার | ০১ | ডিপ্লোমা ইন সার্ভেয়িং সহ ০১ বছরের বাস্তব অভিজ্ঞতা | ১৭,৬৩০.০০/- |
| ৪ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | ০১ | এইচ এস সি পাশ এবং বাংলা ও ইংরেজি কম্পিউটার টাইপে প্রতি মিনিটে যথাক্রমে ২৫ ও ৩০ শব্দের গতি | ১৭,৬৩০.০০/- |
| ৫ | ইলেকট্রিশিয়ান | ০১ | এস এস সি পাশ সহ লাইসেন্সিং বোর্ড হতে 'সি' লাইসেন্স প্রাপ্ত | ১৭,১৩০.০০/- |
| ৬ | পাম্প অপারেটর | ০১ | এস এস সি পাশ সহ লাইসেন্সিং বোর্ড হতে 'সি' লাইসেন্সপ্রাপ্ত এবং সংশ্লিষ্ট কাজে ০৩ বছরের অভিজ্ঞতা | ১৭,১৩০.০০/- |
| ৭ | পরিচ্ছন্নতা কর্মী | ০১ | ৮ম শ্রেণী পাশ | ১৬,১৩০.০০/- |
| ৮ | অফিস সহায়ক | ০২ | ৮ম শ্রেণী পাশসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ০১ বছরের বাস্তব অভিজ্ঞতা | ১৬,১৩০.০০/- |

**আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণীয়ঃ**

১. ৩১ জানুয়ারি ২০২৪ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৬০ বছরের মধ্যে থাকতে হবে এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এ্যাফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
২. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তি সাপেক্ষে আবেদন করতে হবে।
৩. শিক্ষাগত যোগ্যতাসহ অন্য যে কোনো বিষয়ে প্রার্থী কোনো ভুল তথ্য প্রদান করলে বা কোনো তথ্য গোপন করলে উক্ত প্রার্থীর আবেদনপত্র বাতিল করা হবে।
৪. সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। তবে ক্রমিক ৪ এর পদের প্রার্থীদের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর টাইপিং টেস্ট এ অংশগ্রহণ করতে হবে। টাইপিং টেস্টে উত্তীর্ণদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।
৫. লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
৬. এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী, প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য প্রযোজ্য এবং স্থায়ী রাজস্ব পদে নিয়োগের কোন প্রতিশ্রুতি দেয়া হবে না।
৭. এ নিয়োগ সর্বসাকুল্য বেতনে শুধুমাত্র প্রকল্প মেয়াদের জন্য প্রযোজ্য হবে। প্রকল্পের মেয়াদ শেষে পদসমূহ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে এবং নিয়োগপত্র-ই **অব্যাহতি পত্র** হিসেবে গণ্য হবে।
৮. কর্তৃপক্ষ নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে কারণ দর্শানো ছাড়া নিয়োগ প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
৯. প্রার্থীর যোগ্যতা যাচাই;
   (i) মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্র/জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের মূলকপি প্রদর্শন করতে হবে।

